দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 MAR 2015
পৃষ্ঠা ৫ কলাম ২

# বিশ্বমানের শিক্ষা ব্যবস্থা চালুর কাজ চলছে: শিক্ষামন্ত্রী

■ মুন্সীগঞ্জ প্রতিনিধি

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশে বিশ্বমানের শিক্ষা ব্যবস্থা চালুর কাজ চলছে। বর্তমান সরকার শিক্ষা ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন ঘটিয়েছে। বুধবার মুন্সীগঞ্জে রনছ রুহিতপুর উচ্চ বিদ্যালয় পরিদর্শন শেষে মতবিনিময় সভায় তিনি আরো বলেন, শিক্ষার্থীদের পড়াশুনার পাশাপাশি খেলাধুলা, লাইব্রেরি ওয়ার্ক ও সাংস্কৃতি চর্চায় গুরুত্ব দিতে হবে। এর মাধ্যমেই সুনাগরিক হিসেবে গড়ে ওঠা সম্ভব। বিদ্যালয়টির ম্যানেজিং কমিটির সভাপতি অধ্যাপক ডক্টর মাহাবুবে রশিদের সভাপতিত্বে মতবিনিময় সভায় আরো অংশ নেন স্থানীয় সংসদ সদস্য এ্যাডভোকেট মৃণাল কান্তি দাস এমপি, জেলা প্রশাসক মো: সাইফুল হাসান বাদল, পুলিশ সুপার বিপ্লব বিজয় তালুকদার প্রমুখ।